

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮ ১৯

আগরতলা, ২৩ জুলাই, ২০২৪

ত্রিপুরা মেডিক্যাল কলেজ পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মান আরও উন্নত করার ক্ষেত্রে ত্রিপুরা মেডিক্যাল কলেজ ও ড. বি আর আশ্বেদকর মেডিক্যাল টিচিং হাসপাতাল গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। আজ দুপুরে ত্রিপুরা মেডিক্যাল কলেজ পরিদর্শন করে সাংবাদিকদের সাথে মতবিনিময়ের সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু একথা বলেন। ত্রিপুরা মেডিক্যাল কলেজ পরিদর্শনের সময় তিনি অপারেশন থিয়েটার, শিশু, অস্থি, ইএনটি, সিটিস্ক্যান বিভাগ ঘুরে দেখেন।

সাংবাদিকদের সাথে মতবিনিময়ের সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আরও বলেন, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে আসামের পরেই ত্রিপুরার স্বাস্থ্য পরিকাঠামো ও পরিষেবা অনেকটাই উন্নত। এর ফলে প্রতিবেশী দেশ বাংলাদেশ থেকেও প্রচুর সংখ্যক রোগী চিকিৎসার জন্য এই রাজ্যে আসেন। রাজ্যপাল ত্রিপুরা মেডিক্যাল কলেজ ও ড. বি আর আশ্বেদকর মেডিক্যাল টিচিং হাসপাতালের চিকিৎসকদের বর্তমান চিকিৎসার পরিকাঠামোর মধ্যে থেকেই আরও কিভাবে উন্নত পরিষেবা প্রদান করা যায় সেই দিকে নজর দেওয়ার জন্য আহ্বান জানান। কলেজের অধ্যক্ষ ডা. অরিন্দম দত্ত এবং মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডা. জয়ন্ত কুমার পোদ্দার রাজ্যপালের কাছে ত্রিপুরা মেডিক্যাল কলেজের পরিষেবা ও বিভিন্ন বিভাগ সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন। তাছাড়াও উপস্থিত ছিলেন ত্রিপুরা মেডিক্যাল কলেজ ও ড. বি আর আশ্বেদকর মেডিক্যাল টিচিং হাসপাতালের সোসাইটির চেয়ারম্যান ডা. প্রমথেশ রায়। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
